Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-411
বিষয়: আচরণগত সঙ্কট হ্রাস/হস্তক্ষেপ এবং 911-এ যোগাযোগ
শ্রেণীবিভাগ: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 21 মে, 2015

## সারসংক্ষেপ

এটি একটি নতুন প্রবিধান। এটি আচরণগত সঙ্কট অভিজ্ঞতা করা শিক্ষার্থীদের জন্য হস্তক্ষেপ ও হ্রাস, এবং 911 নম্বরে যোগাযোগ করা সংক্রান্ত ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ("DOE") নীতি ও পদ্ধতি প্রতিষ্ঠা করে। প্রবিধানটি 1 অগাস্ট, 2015 তারিখে কার্যকর হবে।

## I. আচরণগত সঙ্কট হ্রাস/হস্তক্ষেপ এবং 911-এ যোগাযোগ [1]

A. এই প্রবিধান যেসব শিক্ষার্থী আচরণগত সঙ্কটের মুখোমুখি তাদের জন্য হস্তক্ষেপ ও হ্রাস, এবং 911 নম্বরে যোগাযোগ করা সংক্রান্ত ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ("DOE") নীতি ও পদ্ধতি প্রতিষ্ঠা করে। এটি 1 অগাস্ট 2015 তারিখে কার্যকর হয়েছে। যখন কোনো শিক্ষার্থী এমন আচরণে লিপ্ত হয় যা ওই শিক্ষার্থী বা অন্যান্যের জন্য মারাত্মক জখম হওয়ার যথেষ্ট ঝুঁকি তৈরি করে, তখন স্কুলকে অবশ্যই আচরণটি নিয়ন্ত্রণে আনার যথাযথ কৌশল নির্ধারণ এবং স্কুল কর্মচারীরা নিম্নবর্ণিত উপায়ে নিরাপদে পরিস্থিতি প্রশমনে সক্ষম হবেন কিনা বিবেচনা করতে হবে। এ ধরনের পরিস্থিতিতে অবশ্যই নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে:

1. প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তিকে অবশ্যই পরিস্থিতি সম্পর্কে অবহিত করতে হবে এবং অবশ্যই পিতামাতার সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করতে হবে।[2] নিরাপত্তার কথা বিবেচনাধীন এবং যদি পরিস্থিতি নিরসনে স্কুল কর্মীদের প্রচেষ্টায় কোনো ব্যাঘাত ঘটাবে না তখন পিতামাতাকে অবশ্যই ফোনে অথবা ব্যক্তিগতভাবে তার সন্তানের সাথে কথা বলার সুযোগ দিতে হবে।

---

[1] শারীরিক আঘাত বা স্বাস্থ্যগত অবস্থার কারণে জরুরী চিকিৎসা সেবার জন্য 911 নম্বরে যোগাযোগ সম্পর্কিত নীতিমালা ও পদ্ধতিসমূহ চ্যান্সেলরের প্রবিধান A-412 তে উল্লেখ করা হয়েছে।

[2] "প্যারেন্ট" শব্দটির অর্থ পিতামাতা বা অভিভাবক বা যে ব্যক্তির সাথে শিক্ষার্থীর পিতামাতা বা তত্বাবধানীয় সম্পর্কে রয়েছে, তাকে, কিংবা শিক্ষার্থী স্বাবলম্বী মাইনর (কিশোর-কিশোরী) বা 18 বছর বা অধিক বয়সী হলে তার নিজেকেই বুঝায়।



T&I 31965 A-411 Chancellor Regulation (Bangla-Bengali)

2. যেখানে সম্ভব ব্যবহার করে আচরণটি নিরাপদে নিয়ন্ত্রণ করার জন্য সাড়াদানকারী স্কুল কর্মচারীকে সর্বাত্মক চেষ্টা করতে হবে: 1) আচরণগত সঙ্কট দূর করার কৌশল ও হস্তক্ষেপ; এবং 2) স্কুলের সঙ্কট হ্রাস পরিকল্পনায় শনাক্তকৃত স্কুলের নিজস্ব ও কমিউনিটি রিসোর্স বা সহায়সঙ্গতি (নিচে Section III দেখুন)। যদি ক্লাসরুমের শিক্ষক অথবা সাড়াদানকারী কর্মচারী আচরণটি হ্রাস করতে ব্যর্থ হন, তাহলে শিক্ষক/কর্মচারীকে সঙ্কট হ্রাসে প্রশিক্ষিত কর্মী সদস্যদের সহায়তা চাইতে হবে। শিক্ষক/কর্মী সদস্য অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, ডিন, স্কুলের ক্রাইসি ইন্টারভেনশন টিমে সদস্য, বিল্ডিং রেসপন্স টিমের সদস্য, গাইড্যান্স কাউন্সেলর, স্কুল-বেইজড মেন্টাল হেলথ ক্লিনিক (SBMH) অথবা সাইটে স্কুল-বেইজড হেলথ সেন্টার উইথ মেন্টাল হেলথ সার্ভিসেস (SBHC), অথবা বরোয় চিলড্রেন্স মোবাইল ক্রাইসিস টিম থাকলে সেটার সদস্যসহ অপরাপর যথোপযুক্ত কর্মচারী এবং রিসোর্স বা সহায়সঙ্গতি থেকে সাহায্য চাইতে পারেন।
3. তবে, যেখানে শিক্ষার্থীর আচরণ তার নিজের অথবা অন্যদের জখম হওয়ার অনিবার্য ও পর্যাপ্ত ঝুঁকি তৈরি করে এবং স্কুল কর্মচারী অথবা উপরে বর্ণিত সহায়ক পরিষেবাগুলোর পক্ষে নিরাপদে নিয়ন্ত্রণ করা অসম্ভব হয়, তাহলে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তকে অবশ্যই 911 নম্বরে ফোন করতে হবে। এরকম পরিস্থিতিতে যেখানে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তের সঙ্গে যোগাযোগ করা সম্ভব নয়, সেখানে সাড়াদানকারী কর্মী সদস্য/স্কুল সেফটি এজেন্টকে অবশ্যই 911 নম্বরে ফোন করতে হবে এবং অতিসত্বর প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তকে অবহিত করতে হবে।

## II. যখন 911 নম্বরে ফোন করা হয়, তখন স্কুলের দায়িত্বাবলী

A. যখন কোনো শিক্ষার্থীর জন্য 911 নম্বরে ফোন করা হয়, তখন 911 নম্বরে ফোন করা হয়েছে সেটা পিতামাতাকে অবহিত করার জন্য প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তি অবশ্যই তাকে ফোন করবেন।

B. পিতামাতারা যদি স্কুলে এসে পড়ে থাকেন এবং এর ফলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীদের দায়িত্ব ও কর্তব্যপালনে বাধা সৃষ্টি করবে না এরকম মনে হয় তাহলে পিতামাতাকে অবশ্যই ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারী এবং শিক্ষার্থীর সঙ্গে কথা বলার সুযোগ দিতে হবে।

C. যদি এমন হয় যে পিতামাতা স্কুলে এসে পৌঁছান নাই কিন্তু ফোনে তাদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে, তাহলে পিতামাতাদের অবশ্যই ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারী এবং শিক্ষার্থীর সঙ্গে কথা বলার সুযোগ দিতে হবে যদি তা সম্ভব হয় এবং এর ফলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীদের দায়িত্ব ও কর্তব্যপালনে বাধা সৃষ্টি করবে না।

D. যদি পিতামাতা তার সন্তানকে হাসপাতালে না পাঠানোর জন্য অনুরোধ করেন, তাহলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীরা DOE কর্মচারী, পিতামাতা এবং যথোপযুক্ত অন্যান্য ব্যক্তি থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করবেন এবং চিকিৎসা সহায়তা প্রত্যাখ্যানের ক্ষেত্রে FDNY-র নীতিমালা ও পদ্ধতি অনুসারে পিতামাতার অনুরোধ রক্ষা করা যায় কিনা সেই সিদ্ধান্ত নেবেন।

E. যদি নিরুপিত হয় যে শিক্ষার্থীর জরুরি চিকিৎসা এবং/অথবা পরিবহনের প্রয়োজন নেই, তাহলে স্কুলের কর্মকর্তাগণ এবং পিতামাতা পরবর্তী পদক্ষেপগুলো নিয়ে আলোচনা করবেন, যার অন্তর্ভুক্ত তবে এতেই সীমাবদ্ধ নয়, শিক্ষার্থীর ক্লাসে ফিরে যাবে কি না।

F. যদি স্কুল কর্মচারী শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগে অসমর্থ হন, তাহলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীরা DOE কর্মচারী, পিতামাতা এবং যথোপযুক্ত অন্যান্য ব্যক্তি থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করার পর, শিক্ষার্থীর জরুরি চিকিৎসা এবং/অথবা পরিবহন আবশ্যক কিনা তা নিরূপণ করবেন। যদি নিরুপিত হয় যে শিক্ষার্থীকে হাসপাতালে পাঠানো হবে, তাহলে স্কুল কর্মচারীকে অবশ্যই শিক্ষার্থীর সঙ্গে যেতে হবে। যদি স্কুল কর্মচারীর স্কুল দিবস শেষ হওয়ার আগে পিতামাতা না পৌঁছান, তাহলে পরবর্তী নির্দেশের জন্য কর্মী সদস্যকে অবশ্যই প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তের সঙ্গে যোগাযোগ করতে হবে।

G. কোনো অবস্থাতেই শিক্ষার্থীর আচরণহেতু শৃঙ্খলামূলক প্রতিক্রিয়া বা শৃঙ্খলামূলক ব্যবস্থা হিসেবে 911 নম্বরে ফোন করবেন না। উপরন্তু, যেসব ক্ষেত্রে নিরাপদে সঙ্কট নিরসনে প্রশমন কৌশল বা রিসোর্স (সহায়সঙ্গতি) ব্যবহার করা যায়, যা উপরে I.A.2-তে বর্ণিত হয়েছে, সেসব ক্ষেত্রে প্রশমন কৌশল বা রিসোর্সের (সহায়সঙ্গতির) পরিবর্তে বা বিকল্প হিসেবে 911 ব্যবহার করা যাবে না।

H. শিক্ষার্থীর স্কুলে উপস্থিতি বা প্রত্যাবর্তনের শর্ত হিসেবে স্কুল মানসিক সুস্থতার ছাড়পত্রের (ক্লিয়ারেন্স লেটারের) জন্য অনুরোধ বা তা বাধ্যতামূলক করতে পারবে না।

I. আচরণগত কোনো সঙ্কটের পর, স্কুল কর্মচারীরা শিক্ষার্থীর জন্য যথাযথ ইতিবাচক আচরণগত সহায়তা ও হস্তক্ষেপ বিষয়ে আলোচনার উদ্দেশ্যে পিতামাতা (এবং যেখানে প্রযোজ্য শিক্ষার্থীর) সঙ্গে মিলিত হবে।

## III. সঙ্কট মোকাবেলা পরিকল্পনা

A. প্রতিটি স্কুলের সঙ্কটে সাড়াদান/প্রতিরোধ শিক্ষাদান/হস্তক্ষেপ প্রদান দল (ক্রাইসিস রেসপন্স/প্রিভেনশন এডুকেশন/ইনটারভেনশন টিম) (ক্রাইসিস ইন্টারভেনশন টিম বা সঙ্কটে সাড়াদানকারী দল) স্কুলের কিশোর-কিশোরীদের গড়ে তোলার সমন্বিত পরিকল্পনার (কনসোলিডেটেড স্কুল অ্যান্ড ইয়্যুথ ডেভেলপমেন্ট প্ল্যানের) অংশ হিসেবে অবশ্যই একটি সঙ্কট প্রশমন পরিকল্পনা (ক্রাইসিস ডি-এসকেলেশন প্ল্যান) তৈরি করবে। এধরনের পরিকল্পনা অবশ্যই:

1. আচরণগত সঙ্কটময় পরিস্থিতি প্রশমনের জন্য কৌশলসমূহ অন্তর্ভুক্ত করবে;
2. সঙ্কটাপন্ন শিক্ষার্থীদের অন্যদের থেকে নিরাপদে আলাদা রাখা যাবে, স্কুল ভবনে এরকম একটি স্থান চিহ্নিত করবে;
3. প্রশমন কৌশলে প্রশিক্ষিত এমন স্কুল স্টাফদের শনাক্ত করবে;
4. স্কুল এবং পিতামাতাদের জন্য লভ্য স্কুলের ও কমিউনিটির রিসোর্স বা সহায়সঙ্গতি (যেমন, মেন্টাল হেলথ ক্লিনিক, মোবাইল ক্রাইসিস টিম, জরুরি/একই দিনে মানসিক স্বাস্থ্য মূল্যায়ন চিহ্নিত করে এমন ফ্যাসিলিটি); এবং
5. স্কুল কর্মচারীদের কাছে সঙ্কট প্রশমন ও সাড়াদান করার নিয়মনীতি বা প্রোটোকল কীভাবে অবহিত করা হয় তার বর্ণনা করবে।

## IV. রিপোর্ট করার প্রক্রিয়া

A. যখনই 911 নম্বরে যোগাযোগ করা হয় তখন প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তিকে অবশ্যই (718) 935-3210 নম্বরে ফোন করে DOE ইমার্জেন্সি ইনটেক সেন্টারে (EIC) অবহিত করবেন।

B. প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তকে 911 নম্বরে যোগাযোগ করা হয়েছিল এমন ঘটনাসহ সকল স্কুল-সংশ্লিষ্ট ঘটনা সংঘটনের 24 ঘণ্টার মধ্যে, অবশ্যই অনলাইন অকারেন্স রিপোর্ট (OORS Report) ফাইল করতে হবে।

C. OSYD রিপোর্ট ফাইল করা সংক্রান্ত কারিগরি প্রশ্নের জবাব দেয়ার জন্য অফিস অভ সেইফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট (OSYD)-এর হেল্প ডেস্ক রয়েছে। হেল্প ডেস্ক সোমবার থেকে শুক্রবার সকাল 8:00 am থেকে বিকাল 5:00 pm পর্যন্ত খোলা থাকে। (718)935-5004 নম্বরে ফোন করে হেল্প ডেস্কের সাথে যোগাযোগ করুন, এবং OSYD ওয়েব সাপোর্ট-এর জন্য অনুরোধ করুন।

D. চ্যান্সেলরের প্রবিধান A-820 এবং ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (FERPA) অনুসারে, অনুরোধসাপেক্ষে, পিতামাতাদের তাদের সন্তানের অকারেন্স রিপোর্টের কপি লাভ করার অধিকার আছে।

## V. বিজ্ঞপ্তি অবহিতকরণ

A. প্রত্যেক ক্রাইসিস ইনটারভেনশন টিমকে 31 অক্টোবরের মধ্যে স্কুলের সকল কর্মচারীর জন্য অবশ্যই একটি ওরিয়েন্টেশন পরিচালনা করতে হবে। ওরিয়েন্টেশনে অবশ্যই এই প্রবিধানে বর্ণিত নীতিমালা ও পদ্ধতিসমূহ এবং স্কুলের সঙ্কট প্রশমন (ডি-এসকেলেশন প্ল্যান) পরিকল্পনা উপস্থাপন করতে হবে।

B. প্রত্যেক স্কুলকে 31 অক্টোবরের মধ্যে এইমর্মে প্রত্যয়ন করতে হবে যে স্কুলটির বার্ষিক সুসংহত ও যুব উন্নয়ন পরিকল্পনায় ওরিয়েন্টেশন অধিবেশন পরিচালনা করা হয়েছে।

C. এই প্রবিধানে বর্ণিত নীতিমালা ও পদ্ধতিসমূহ এবং সঙ্কট প্রশমন পরিকল্পনা 31 অক্টোবরের মধ্যে অবশ্যই একটি স্কুল সেইফটি কমিটি বৈঠকে উত্থাপন করতে হবে যেখানে স্কুলের একজন স্কুল সেইফটি এজেন্ট লেভেল III/মনোনীত ব্যক্তি অবশ্যই উপস্থিত থাকবেন।

D. এই প্রবিধানের একটি কপি পিতামাতাদের জন্য অনুরোধসাপেক্ষে লভ্য রাখতে হবে।

## VI. অনুসন্ধান

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

Office of Safety and Youth Development

N.Y.C. Department of Education

52 Chambers Street – Room 218

New York, NY 10007

Telephone: 212-374-5501

Fax: 212-374-5751